

## আবদুর রউফ চৌধুরী (১৯২৯ - ১৯৯৬ খ্রিস্টাব্দ)

আবদুর রউফ চৌধুরী মানবতাবাদী মানুষ ছিলেন। মানুষের কল্যাণ চিন্তাই ছিল তাঁর অনুধ্যান। সাহিত্য চর্চায় তাঁর উদ্দেশ্য ছিল মানুষকে ভেতর থেকে জানা, তাঁর প্রকৃতিকে উপলব্ধি করা। তিনি যখন গল্প, উপন্যাস, প্রবন্ধ বা স্মৃতিকথা লিখতেন তখন মানুষের ভেতরের কথাটিই মানুষকে জানাতে চাইতেন। তিনি বুঝতেন মানুষকে মানুষ হতে হয় এবং সে চেষ্টাটি কখনও থেমে যাওয়ার নয়। দিনে দিনে মানুষ ক্রমশ মানুষ হয়ে উঠবে। তাঁর পরিপার্শ্বকে সে সুন্দর থেকে সুন্দরতর করবে। তাঁর জন্যই তাঁর অস্তহীন সংগ্রাম। এ সংগ্রামের যেমন শেষ নেই – তেমনি শেষ নেই মানুষের মানুষ হয়ে ওঠার। তাই বলে মানুষের সীমাবদ্ধতা, পশ্চাদপদতা, কৃপমুগ্ধকতা, ঈর্ষা, হিংসা, পরশ্রীকাতরতা এবং মানুষের আরও আরও অপকৃষ্টতা সম্পর্কেও তাঁর ছিল সুস্পষ্ট ধারণা। তাই তিনি চেয়েছেন মানুষ নিজের চেষ্টায় নিজের পরিশ্রমে মানুষ হয়ে উঠুক, অন্যের পক্ষে মানুষ হয়ে ওঠার পথটি বিনির্মাণ করুক। এটাই ছিল তাঁর ধ্যান-জগৎ। আর সেজন্যই তিনি আমাদের শ্রদ্ধেয়, আমাদের ভালবাসার মানুষ। তাঁকে স্মরণ করে আমরা যদি দেশ, সমাজ ও বিশ্বের মানুষের কল্যাণ চিন্তাকে বড় করে দেখতে পারি তা হলেই আমরা অগণিত বড় মানুষের মিছিলে আবদুর রউফ চৌধুরীকে একজন প্রদীপ্ত মানুষ হিসাবে প্রত্যক্ষ করে তৃপ্ত হব।

অধ্যাপক মতীন্দ্র সরকার  
শিক্ষাবিদ ও লেখক।